

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
কর্মসম্পাদন ব্যবস্থাপনা অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

শুদ্ধাচার চর্চায় পুরস্কার প্রদানের নিমিত্ত বাছাই কমিটির সভার কার্যবিবরণী

সভার তারিখ : ৩০/০১/২০১৮ খ্রিস্টাব্দ
সময় : বিকাল: ৩:০০ ঘটিকা
স্থান : কক্ষ নং-৩০৯, ভবন-৬, ৪র্থ তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
সভাপতি : জনাব মো: জিল্লার রহমান, সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়;
উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট-ক।

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভার শুরুতে তিনি জানান, শুদ্ধাচার কৌশল প্রণয়নের মূল উদ্দেশ্য হচ্ছে সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে নিজ নিজ কর্মসম্পাদনের মাধ্যমে সরকারের সকল কার্যক্রমে সুশাসন প্রতিষ্ঠা করা। তাই সরকার শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে কর্মকর্তা-কর্মচারীদের জন্য শুদ্ধাচার পুরস্কার প্রদানের কার্যক্রম অন্তর্ভুক্ত করেছে এবং 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭' প্রণয়ন করেছে।

বিগত ১৫/১১/২০১৭ তারিখে শুদ্ধাচার পুরস্কারের জন্য প্রার্থী বাছাইয়ের লক্ষ্যে সচিব মহোদয়ের সভাপতিত্বে প্রথম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় পুরস্কারের জন্য প্রার্থী বাছাইয়ের প্রক্রিয়া সম্পর্কে আলোচনা হয় এবং ৩টি সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত ৩টি সিদ্ধান্তের মধ্যে ০২ নং সিদ্ধান্তের আলোকে মন্ত্রণালয়ের আওতাধীন প্রতি উইং থেকে গ্রেড-১ হতে গ্রেড-১০ ভুক্ত কর্মচারীদের মধ্যে থেকে ১(এক) জন এবং গ্রেড-১১ হতে গ্রেড-২০ পর্যন্ত কর্মচারীদের মধ্যে হতে ১(এক) জনকে প্রাথমিকভাবে নির্বাচন করা হয়। উক্ত নির্বাচিত প্রার্থীদের মধ্য থেকে নীতিমালায় বর্ণিত সূচক (Indicators) এর ভিত্তিতে এবং প্রদত্ত পদ্ধতি অনুসরণ করে ২০১৬-২০১৭ অর্থবছরে শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে হতে নিম্নবর্ণিত প্রার্থীদের মনোনীত করা হয়। অনুরূপভাবে মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থা প্রধানদের মধ্যে হতে নিম্নবর্ণিত একজন কর্মকর্তাকে পুরস্কারের জন্য মনোনীত করা হয়।

২.০ মনোনীত কর্মকর্তা/কর্মচারীর বিবরণ:

ক্রম	ক্যাটাগরি	নাম	পদবী ও সংস্থা	প্রাপ্ত গড় (মোট ১০০ নম্বরের মধ্যে)	মন্তব্য
১	গ্রেড-১ হতে গ্রেড-১০	জনাব মো: সাইফুল আলম ভূঁইয়া	প্রশাসনিক কর্মকর্তা সমাজকল্যাণ মন্ত্রণালয়	৯৩	
২	গ্রেড-১১ হতে গ্রেড-২০	জনাব মো: নূরনবী সামদানি	অফিস সহায়ক সমাজকল্যাণ মন্ত্রণালয়	৯১	
৩	দপ্তর/সংস্থা প্রধান	জনাব গাজী মোহাম্মদ নূরুল কবির	মহাপরিচালক সমাজসেবা অধিদফতর	৯৪	

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় শুদ্ধাচার চর্চায় পুরস্কারের জন্য মনোনীত কর্মকর্তা/কর্মচারীকে অভিনন্দন এবং উপস্থিত সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত-৩০/১/২০১৮

(মোঃ জিল্লার রহমান)

সচিব

সমাজকল্যাণ মন্ত্রণালয়